দৈনিক ইনকিলাব
দৈনিক ইনকিলাব

তারিখ .. 19 JUL 1993 ..
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৫ ...

৪৬

# ২৩৩টি সরকারী কলেজের শিক্ষকদের কর্মবিরতি ও বিক্ষোভ প্রদর্শন

গতকাল দেশের ২শ' ৩৩টি সরকারী কলেজের শিক্ষকরা সারা দেশে ২ ঘন্টার কর্মবিরতি পালন ও বিক্ষোভ প্রদর্শন করে। খবর ইউএনবি'র।

সরকারী কলেজের প্রভাষক ও অধ্যাপকদের সমিতি তাদের ১২ দফা দাবী আদায়ের লক্ষ্যে চাপ সৃষ্টি এবং তাদের সমস্যাবলীর সমাধানের পথে একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন কমিটির সুপারিশ বাস্তবায়নের দাবীতে এক আন্দোলনের কর্মসূচী শুরু করেছে।

সমিতির এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয় তারা সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত ২ ঘন্টার কর্মবিরতি শুরু এবং সকল ১০টায় শিক্ষা ভবনে এক বিক্ষোভ প্রদর্শন করেছে। সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয় যে, শিক্ষা ভবনের কর্তৃপক্ষ পরে সমিতির দাবী বাস্তবায়ন করার ব্যাপারে ধর্মঘটরত শিক্ষকদের আশ্বাস দিয়েছেন এবং তাদের দাবীর ব্যাপারে আলোচনার জন্য ২১ জুলাই উচ্চ ক্ষমতাসম্পন্ন কমিটির তৃতীয় বৈঠক আহবান করেছেন।